**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ০৭ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ/২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ**

**এস.আর.ও. নং ১২১-আইন/২০২৩/১৬৫/কাস্টমস।-** Customs Act, 1969 (Act No. IV of 1969), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, ইন্ডাষ্ট্রিয়াল মোল্ড (Mould) বা ডাই (Die) স্থানীয়ভাবে উৎপাদনের লক্ষ্যে, উক্ত Act এর First Schedule ভুক্ত নিম্নবর্ণিত TABLE এর কলাম (1) এ বর্ণিত Heading এর বিপরীতে কলাম (2) তে উল্লিখিত H.S. Code এবং কলাম (3) এ বর্ণিত পণ্যসমূহের উপর আরোপণীয় আমদানি শুল্ক, যেই পরিমাণে মূল্যভিত্তিক ১% (এক শতাংশ) এর অতিরিক্ত হয় সেই পরিমাণ, সমুদয় রেগুলেটরি ডিউটি এবং সমুদয় মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক, যদি থাকে, হইতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা:-

**TABLE**

| Heading | H.S. Code | Description |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 34.03 | 3403.19.00 | Electric Discharging Machine (EDM) fluid |
| 72.18 | 7218.99.00 | Stainless steel ingot |
| 72.25 | 7225.40.10 | Hot rolled alloy steel sheet |
| | 7225.50.10 | Cold rolled alloy steel sheet |
| 72.28 | 7228.40.00 | Bars and rods of alloy steel not further worked than forged |
| | 7228.60.00 | Other bars and rods of alloy steel |
| 73.19 | 7319.90.00 | Guide pin |
| 73.20 | 7320.20.00 | Compression spring |
| 73.26 | 7326.90.90 | Bush |
| 74.08 | 7408.21.00 | Brass wire |
| 74.09 | 7409.19.00 | Copper plate |
| 74.10 | 7410.12.00 | Copper foil |
| 76.04 | 7604.29.00 | Bars and rods of aluminium alloy |
| 81.02 | 8102.96.00 | Molybdenum wire |
| 81.12 | 8112.19.00 | Beryllium |
| 82.07 | 8207.50.00 | Electric Discharging Machine (EDM) drill rod |
| | 8207.70.00 | End mill cutter |
| | 8207.90.00 | Insert cutter |
| 84.20 | 8420.99.00 | Hydraulic cylinder |

| | | |
|---|---|---|
| 84.66 | 8466.10.00 | Tools holder |
| 84.80 | 8480.20.00 | Mould base |

**শর্তাবলী**

(১) আমদানীকারক প্রতিষ্ঠানকে অবশ্যই Industrial IRC holder VAT compliant মোল্ড (Mould) বা ডাই (Die) উৎপাদনকারী (Manufacturer) হইতে হইবে।

**ব্যাখ্যা-**

(ক) "Industrial IRC holder" অর্থ এমন প্রতিষ্ঠান যাহার নিকট আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হইতে হইতে ইস্যুকৃত হালনাগাদ শিল্প ভোক্তা (Industrial Consumer) আইআরসি রহিয়াছে;

(খ) "VAT compliant" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর অধীনে নিবন্ধিত নিয়মিত দাখিলপত্র (রিটার্ন) দাখিল করে এমন উৎপাদনকারী প্রতিষ্ঠান;

(২) এই প্রজ্ঞাপনের আওতায় পণ্য আমদানি ও খালাসের লক্ষ্যে প্রতিষ্ঠানটির হালনাগাদ নবায়নকৃত শিল্প ভোক্তা আইআরসি রহিয়াছে এবং ১৩ ডিজিট সংবলিত মূল্য সংযোজন কর (মূসক) নিবন্ধিত প্রতিষ্ঠানটি বিবেচ্য বিল অব এন্ট্রি দাখিলের অব্যবহিত পূর্ববর্তী মাসের মূসক দাখিলপত্র (রিটার্ন) দাখিল করিয়াছে মর্মে কাস্টমস কম্পিউটার সিস্টেমে বা ভ্যাট অনলাইন সিস্টেমে বা জাতীয় রাজস্ব বোর্ড এর ওয়েবসাইটে বা ভ্যাট কমিশনারেট এর ওয়েবসাইটে ইলেকট্রনিক তথ্য প্রদর্শিত থাকিতে হইবে:

তবে শর্ত থাকে যে, কোনো ধরনের দৈব-দুর্বিপাক বা কোনো যৌক্তিক কারণে ইলেকট্রনিক তথ্য পাওয়া সম্ভব না হইলে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস প্রতি ক্ষেত্রে কারণ লিপিবদ্ধ করিয়া শুল্কায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিতে পারিবে।

(৩) মোল্ড (Mould) বা ডাই (Die) উৎপাদনকারী কর্তৃক প্রতি একক মোল্ড (Mould) বা ডাই (Die) উৎপাদনের জন্য সম্ভাব্য বা যৌক্তিক অপচয়সহ কি কি উপকরণ কি পরিমাণে আবশ্যক (উপকরণ-উৎপাদ সহগ) সে সম্পর্কিত তথ্য **''পরিশিষ্ট''** অনুযায়ী ৩ (তিন) কপি পণ্য আমদানির পূর্বেই সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেট এর কমিশনার বরাবর দাখিল করিতে হইবে এবং কমিশনার উক্ত উপকরণ-উৎপাদ সহগ অনুমোদনপূর্বক প্রতিস্বাক্ষর করিবেন এবং একটি কপি অফিসের রেকর্ড হিসাবে সংরক্ষণ করিবেন, দ্বিতীয় কপি জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস নীতি ও আইসিটি) বরাবরে প্রেরণ করিবেন এবং অপর কপি প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে ফেরত দিবেন; **''পরিশিষ্ট''** এর ফটোকপি প্রতিটি পণ্যচালান শুল্কায়নের সময় বিল অব এন্ট্রির সহিত দাখিল করিতে হইবে।

(৪) এই প্রজ্ঞাপনে উল্লিখিত উপকরণ **''পরিশিষ্ট''** অনুযায়ী আমদানি করিয়া অনুমোদিত উপকরণ-উৎপাদ সহগ মোতাবেক মোল্ড (Mould) বা ডাই (Die) উৎপাদন

হইতেছে কিনা তাহা নিশ্চিত হওয়ার জন্য সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেটের কমিশনার তার অধীনস্থ সংশ্লিষ্ট ভ্যাট বিভাগের বিভাগীয় কর্মকর্তার মাধ্যমে প্রতি ৬ (ছয়) মাস অন্তর সরেজমিনে পরিদর্শন করিয়া নিশ্চিত করিবেন।

(৫) আমদানিকৃত উপকরণ বিক্রয় বা হস্তান্তর করা এবং মোল্ড (Mould) বা ডাই (Die) উৎপাদন ব্যতিরেকে অন্য কোন কাজে ব্যবহার করা যাইবে না।

(৬) কোন উৎপাদনকারী এই প্রজ্ঞাপনের শর্ত লঙ্ঘণ করিলে এবং উক্ত লঙ্ঘণজনিত কারণে রাজস্ব ক্ষতি হইলে সেইক্ষেত্রে তাহার বিরুদ্ধে Customs Act, 1969 ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর বিধান অনুযায়ী ও প্রযোজ্যক্ষেত্রে সংশ্লিষ্ট অন্যান্য আইন মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে।

২। ১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ মোতাবেক ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১৩৩-আইন/২০১৭/১৯/কাস্টমস এতদ্দ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন ১ জুন, ২০২৩ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

**পরিশিষ্ট**
**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা**

মোল্ড (Mould) বা ডাই (Die) তৈরির উপকরণ বা কাঁচামাল সম্পর্কিত ঘোষণা:

১। প্রতিষ্ঠানের নাম:
২। ঠিকানা:
৩। মূসক নিবন্ধন নম্বর:

| ক্রম নং | পণ্যের নাম ও এইচ. এস. কোড | একক | পণ্য উৎপাদনে ব্যবহার্য পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণ এর নাম (এইচ.এস. কোডসহ) | অপচয়সহ প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় উপকরণের প্রতিটির পরিমাণ (কেজি) | অপচয় ব্যতীত প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় কাঁচামাল বা উপকরণের প্রতিটির পরিমাণ (কেজি) | অপচয়ের শতকরা হার |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | | | | |

সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারের প্রতিস্বাক্ষর

প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের স্বাক্ষর ও তারিখ

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**
**স্বাক্ষরিত/-**
**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
**সিনিয়র সচিব।**